

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫(পার্ট-১)/১৬

তারিখ: ১০ .০১.২০২১ খ্রি.


বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ডিসেম্বর-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাল্লবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ডিসেম্বর-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্থ।


২০/০১/২১

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোনঃ ৮৩০০৬৪০

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

ডিসেম্বর-২০২০ (২য় পক্ষ)

জনমত শিরোনাম

- বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে মহান বিজয় দিবস উদযাপিত।
- চাল, পিয়াজসহ বাজারে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণ করার ওপর গুরুত্বারোপ ভোক্তাসাধারণের।
- বাজারে শীতকালীন সবজির সরবরাহ বাড়তে থাকায় দাম কিছুটা কমতে শুরু করেছে বলে ভোক্তা সাধারণের অভিমত।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।



বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে মহান বিজয় দিবস উদযাপিত।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস। বাঙ্গালীর জাতীয় জীবনে মহান বিজয় দিবস একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। যথাযথ মর্যাদায় দিবসটি প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠন আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পোস্টার/ব্যানার প্রদর্শন, সিনেমা হলগুলোতে বিনা টিকিটে মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন ইত্যাদি নানামুখী কর্মসূচির মাধ্যমে উদযাপন করা হয়েছে।

চাল, পিয়াজসহ বাজারে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণ করার ওপর গুরুত্বারোপ
ভোক্তাসাধারণের।

বাজারে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল থাকায় স্বস্তি প্রকাশ করেছে নিম্ন ও মধ্যম আয়ের মানুষ। তবে চাল, ভোজ্যতেলসহ বিভিন্ন পণ্যের দাম উর্ধ্বমুখী থাকায় এসব পণ্যের মূল্য নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।

বাজারে শীতকালীন সবজির সরবরাহ বাড়তে থাকায় দাম কিছুটা কমতে শুরু
করেছে বলে ভোক্তা সাধারণের অভিমত।

বাজারে শীতের সবজির সরবরাহ বাড়তে শুরু করেছে। ফলে প্রায় সকল ধরনের সবজির দাম বেশ কিছুটা কমেছে বলে ভোক্তাসাধারণ অভিমত প্রকাশ করেছে। এদিকে বাজারে নতুন আলু ও কাঁচা টমেটো উঠতে শুরু করেছে, তবে দাম একটু বেশী। নিত্য প্রয়োজনীয় সকল পণ্যের দাম যাতে কমে, সে ব্যাপারে সরকার কার্যকর ব্যবস্থা নেবে বলে জনগণ প্রত্যাশা ব্যক্ত করেছে।



(চলমান পাতা-৩)

আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।

আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। মাদকের ভয়াবহতা এবং ইভটিজারদের দৌরাত্ম প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে অভিযান অব্যাহত রাখতে সকল শ্রেণি পেশার জনগণ আহ্বান জানান।

তেয়ব/শুকলা/মেহেদী/জসিম



শুকলা বনিক
উপপরিচালক (প্রচার)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার